# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

মোবাইল ঃ
অফিস ঃ

অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা)'র দপ্তর
ব্লক-এফ, লেভেল-৫, পানি ভবন, গ্রীন রোড, ঢাকা।
E-mail: adgpl.bwdb@gmail.com

Phone :
Office :


স্মারক নং-পরিকল্পনা/কমিটি/২০২১(১ম খন্ড)/১২ তারিখঃ ১২-০১-২০২১ খ্রিঃ

## দপ্তরাদেশ

পরিকল্পনা কমিশনের সিদ্ধান্তের আলোকে "নোয়াখালী এলাকার জলাবদ্ধতা নিরসনকল্পে বন্যা নিয়ন্ত্রণ ও নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন" শীর্ষক প্রকল্পের সংশোধিত ডিপিপি প্রণয়নের জন্য সরেজমিনে পরিদর্শনপূর্বক সম্ভাব্যতা যাচাই করে হালনাগাদ তথ্য-উপাত্তের ভিত্তিতে প্রয়োজনীয় সুপারিশমালাসহ হালনাগাদ সমীক্ষা প্রতিবেদন দাখিলের জন্য বহিঃসদস্যসহ সমীক্ষা সম্পাদন কমিটিটি গঠন করা হলো। কমিটি প্রয়োজনে যে কোন কর্মকর্তাকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে।

| ক্রমিক নং | কর্মকর্তাদের নাম ও পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নকশা সার্কেল-৪, বাপাউবো, ঢাকা। | আহবায়ক |
| ২। | জনাব তানজির সাইফ আহমেদ, নির্বাহী প্রকৌশলী, প্রধান প্রকৌশলী(পুর), পরিকল্পনা, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৩। | জনাব মশিহুর রহমান ঠাকুর, সহকারী প্রধান (অর্থনীতি), পরিকল্পনা-১, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৪। | জনাব মোঃ শাফাত হোসেন, গবেষণা কর্মকর্তা(পরিবেশ ও বন), চট্টগ্রাম পওর বিভাগ-১, পাউবো, চট্টগ্রাম | সদস্য |
| ৫। | আইডব্লিউএম, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি। | সদস্য |
| ৬। | সিইজিআইএস, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি। | সদস্য |
| ৭। | নির্বাহী প্রকৌশলী, নোয়াখালী পওর বিভাগ, বাপাউবো, নোয়াখালী। | সদস্য-সচিব |

**কমিটির কার্যপরিধিঃ**

ক) সরেজমিনে প্রকল্প সংশ্লিষ্ট এলাকা পরিদর্শন করে সংশ্লিষ্ট Stakeholder তথা স্থানীয় জনপ্রতিনিধিসহ স্থানীয় কৃষি অধিদপ্তর, মৎস্য অধিদপ্তর এবং প্রশাসনের সাথে আলোচনাপূর্বক বিষয়ভুক্ত কার্যক্রমের যথার্থতা নিরূপণ করবেন;

খ) প্রস্তাবিত এলাকায় বন্যা, জলাবদ্ধতা, পানি স্বল্পতার কারণ ও নদী/খালসমূহের গতি প্রকৃতি (Morphological Change) Site Plan এ প্রদর্শনপূর্বক বিস্তারিত বর্ণনা ও তার জন্য প্রয়োজনীয় করনীয় নির্ণয়/যাচাই করবেন;

গ) প্রস্তাবিত এলাকার ইতোপূর্বে সম্পাদিত সমীক্ষা/ কারিগরি প্রতিবেদন বিবেচনায় নিয়ে সংশ্লিষ্ট সকল নদী/খালসমূহ পুনরুদ্ধার ও ব্যবস্থাপনার নিরীখে নদী তীর সংরক্ষণ, বন্যা নিয়ন্ত্রণ, নিষ্কাশন ও সেচ সুবিধা বৃদ্ধিকল্পে সংশ্লিষ্ট বিল/ নদী/ খালসমূহের (channels) নাব্যতা/প্রবাহ বৃদ্ধিকল্পে খনন/পুনঃখনন কাজের সংস্থানসহ পানি সংরক্ষণে বিদ্যমান প্রাকৃতিক জলাধারসমূহের পুনর্বাসনসহ প্লাবন ভূমি ব্যবস্থাপনা এবং প্রয়োজনীয় অন্যান্য কাজের বা অবকাঠামো নির্মাণ/ পুনর্বাসন/ পুনঃনির্মাণের প্রয়োজন হলে তার যৌক্তিকতা নির্ধারণ করে সুপারিশ পেশ করবেন;

ঘ) খনন/পুনঃখনন/ড্রেজিং কাজের Dredged material ব্যবস্থাপনা সম্পর্কিত পরিকল্পনা ও নকশা (স্কেচ ম্যাপ) সংযোজনপূর্বক সুনির্দিষ্ট সুপারিশমালাসহ Dredged material এর ব্যবহার, পরিমাণ ও ব্যয় নিরূপণ করবেন;

ঙ) প্রযোজ্য ক্ষেত্রসমূহে কৃষি, বনায়ন, শিল্প, নেভিগেশন সেক্টরসহ মৎস্য ও জলজ প্রাণী এবং পাখি সংরক্ষণসহ সার্বিক জীব-বৈচিত্র্যের উপর প্রকল্পের প্রভাব সম্পর্কে সুস্পষ্ট মতামত প্রদান করবেন এবং প্রকল্প সংশ্লিষ্ট এলাকার এলাকার সৌন্দর্য বৃদ্ধির জন্য দৃষ্টি নন্দন ওয়াকওয়ে, সিড়ি/ঘাট, ওয়াশরুম ও বেঞ্চ নির্মাণ, তীর বরাবর পার্ক নির্মাণ ও গাছপালা রোপনসহ সম্ভাব্য উপায়সমূহ সুপারিশ করবেন;

চ) বাপাউবো'র চলতি রেট সিডিউল অনুসারে হালনাগাদ তথ্য-উপাত্তের ভিত্তিতে প্রস্তুতকৃত অনুমোদিত নকশার ভিত্তিতে প্রস্তাবিত ভৌত কাজসমূহের যর্থাথতা নিরূপণ করে হালনাগাদ ব্যয় প্রাক্কলন প্রস্তুত করবেন এবং উক্ত প্রাক্কলন/নকশা প্রতিবেদনের সাথে সংযোজন করবেন;

ছ) প্রকল্পটি বা এর কোন অঙ্গ অন্যান্য শীঘ্র বাস্তবায়িত, চলমান বা বাস্তবায়নের জন্য প্রক্রিয়াধীন প্রকল্পের সাথে সম্পর্কযুক্ত হলে যথাযথ প্রমাণকসহ করনীয় বিষয়ে সুপারিশ পেশ করবেন।

জ) কারিগরি দিক বিবেচনায় প্রস্তাবিত কাজগুলো Sustainable হবে কিনা সে বিষয়ে সুস্পষ্ট মতামত প্রদান করবেন;

ঝ) প্রস্তাবিত কাজের জন্য সম্ভাব্য প্রকল্প ব্যয় ও কি পরিমান সাশ্রয় হবে তা (টাকায় ও সম্পদে) নিরূপণ করবেন;

ঞ) প্রস্তাবিত প্রকল্প গ্রহণ আর্থিক দৃষ্টিকোণ থেকে যুক্তিযুক্ত কি না, তা নিরূপণ করবেন;

ট) প্রকল্প বাস্তবায়নে পরিবেশগত বিরূপ প্রভাব বিশ্লেষণ ও ঋণাত্মক প্রভাব নিরাময়ের সম্ভাব্য উপায়সমূহ নিরূপণপূর্বক পরিবেশ সংক্রান্ত সমন্বিত প্রতিবেদন প্রণয়ন ও সংযুক্ত করবেন;

ঠ) বর্ণিত স্থান রঙ্গিন সূচক ম্যাপ-এ প্রদর্শন করবেন;

ড) কমিটি WARPO Guidelines অনুসরণ করবেন।

২। কমিটি সুনির্দিষ্ট কার্যক্রমের সুপারিশমালাসহ সমীক্ষা প্রতিবেদন এ আদেশ জারীর পরবর্তী ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে ৩(তিন) প্রস্থে অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা) মহোদয়ের দপ্তরে দাখিল করবেন।

৩। মূল প্রতিবেদনের **Soft Copy**(Text) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা) মহোদয়ের **adgpl.bwdb@gmail.com** ঠিকানায় **E-mail** যোগে প্রেরণ করবেন।

৪। মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

(মোঃ সামিউল ইসলাম খান)
উপ-সচিব (পরিকল্পনা)
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
ঢাকা।

*চলমান পৃষ্ঠা-২*

**বিতরণ (জ্ঞাতার্থে ও কাযার্থে) (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):**

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নকশা সার্কেল-৪, বাপাউবো, ঢাকা।
২। জনাব তানজির সাইফ আহমেদ, নির্বাহী প্রকৌশলী, প্রধান প্রকৌশলী(পুর), পরিকল্পনা, বাপাউবো, ঢাকা।
৩। জনাব মশিহুর রহমান ঠাকুর, সহকারী প্রধান (অর্থনীতি), পরিকল্পনা-১, বাপাউবো, ঢাকা।
৪। জনাব মোঃ শাফাত হোসেন, গবেষণা কর্মকর্তা(পরিবেশ ও বন), চট্টগ্রাম পওর বিভাগ-১, পাউবো, চট্টগ্রাম
৫। নির্বাহী প্রকৌশলী, নোয়াখালী পওর বিভাগ, বাপাউবো, নোয়াখালী।
৬। নির্বাহী পরিচালক, সিইজিআইএস, ঢাকা। একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ।
৭। নির্বাহী পরিচালক, আইডব্লিউএম, ঢাকা। একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ।

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):**

১-২। প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা/নকশা, বাপাউবো, ঢাকা।
৩। প্রধান প্রকৌশলী (পুর), পূর্বাঞ্চল, বাপাউবো, কুমিল্লা।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ফেনী পওর সার্কেল, বাপাউবো, ফেনী।
৫। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। **বাপাউবো'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।**
৭। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা/পূর্ব), বাপাউবো, ঢাকা।